

💵 প্রশোত্তরে রম্যান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ নফল সিয়াম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

প্রতি চন্দ্র মাসের কোন ৩ দিন এ সিয়াম পালন করব তা কি রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম নির্ধারিত করে দিয়েছেন?

হাঁ, সে দিনগুলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করে দিয়েছেন আবু যার গিফারী রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এভাবে বলেছেন :

يَا أَبَا ذَرِّ إِذَا صُمْتَ مِنَ الشَّهْرِ ثَلاَثَةَ أَيَّامٍ فَصُمْ ثَلاَثَ عَشَرَةَ وَأَرْبَعَ عَشَرَةَ وَخَمْسَ عَشَرَةَ. হে আবৃ যার, যদি তুমি প্রতি মাসে তিন দিন সিয়াম পালন করতে চাও তাহলে (প্রতি চাঁদের) তের, চৌদ্দ ও পনের তারিখে তা পালন কর। (তিরমিযী: ৭৬১)

এ ৩ দিনকে শরীয়াতের পরিভাষায় ''আইয়ামুল বীদ'' বলা হয়। বীদ অর্থ সাদা বা আলোকিত। কারণ এ ৩ দিনের রজনীগুলো ফুটফুটে চাঁদের আলোতে উদ্ভাসিত থাকে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2673

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন